গাংনীতে ১২০ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

১২০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আটকরা হলেন, মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া গ্রামের মৃত পিয়ার আলীর ছেলে মোহাম্মদ জিয়ারুল ইসলাম (৪৮) ও একই গ্রামের মৃত সোহরাব হোসেনের ছেলে মোঃ হযরত আলী (৪৬)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: সাইফুল আলম এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের একটি টিম গতকাল শুক্রবার দিবাগত মধ্যরাতে গাংনী উপজেলার ধলা গ্রামের বীলপাড়া এলাকার অভিযান শুরু করে। এসময় বস্তাভর্তি ফেনসিডিল নিয়ে ওই দুই মাদক ব্যবসায়ী যাচ্ছিলেন। এসময় ডিবি পুলিশ দেখে ফেনসিডিল ফেলে পালানোর চেষ্টা করছিলো তারা। ডিবি পুলিশ তাদের আটক করে।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় ডিবি পুলিশের পক্ষ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটিরনিয়মিত মামলা দায়ের করা হয়েছে। এছাড়া ফেনসিডিল ও আসামিদের হস্তান্তর করা হয়েছে।

গাংনীর নবীনপুরে ভয়াবহ অগ্নীকান্ডে তিনটি তামাকঘরসহ বসতবাড়ি ভিষ্মীভুত

গাংনী উপজেলার নওয়াপাড়া নবীন পুর গ্রামে তিন কৃষকের তিনটি তামাক ঘরসহ অগ্মীকান্ডে ভূষ্মীভুত হয়ে অন্তত সাত লক্ষ টাকায় ক্ষয়ক্ষতি হয়েছে। শুক্রবার বিকেল তিনটার দিকে এই অগ্মীকান্ডের ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্ত কৃষকরা হলেন,নবীনপুরের খলিলুর রহমাম, আয়নাল হক,নফেজ, রুহুল আমীন,। একই সাথে জহির নামের এক ব্যাক্তির বসতবাড়ি আগুনে ভূষ্মীভুত হয়েছে। অগ্মীদগ্ধ হয়েছে একটি গরু। এতে সকলের প্রায় সাত লক্ষ টাকায় তামাক পুড়েছে।

স্থানীয়রা জানায়, পাশাপাশি তিন কৃষকের তিনটি তামাকঘর। তামাক ঘরের ছায় থেকে প্রথমে আগুনের শুরু হয়। প্রথমে একটি তামাক ঘরে আগুন লাগলে স্থানীয়রা বামুন্দি ফায়ার সার্ভিসকে খবর দেয়। খবর পেয়েও বামুন্দি ফায়ার সার্ভিসের লোকজন শেখানে না আসায় আরও দু’টি তামাকঘরে আগুন লাগে। পরে সে আগুন ছড়িয়ে পড়ে একটি বসতবাড়িতে। ◌্ গ্রামবাসী অনেক চেস্টা করেও আগুন নেভাতে পারেনি। ঘণ্টাব্যাপী অগ্মীকান্ডে তিনটি তামাক ভর্তি ঘর পুড়ে ছাই হয়ে যায়।

নওয়াপাড়া গ্রামের ইউপি সদস্য আনারুল ইসলাম বলেন, আমি সংবাদ শুনে ঘটনাস্থলে গিয়েছি। আগুনে তামাক ভর্তি তিনটি ঘর ও একটি বসতবাড়ি পুড়ে ছাই হয়ে গেছে। বামুন্দি ফায়ার সার্ভিসের খবর দিলেও তারা আগুন নেভাতে আসেনি। এটি দুঃখজনক। সময়মত ফায়ার সার্ভিস টৃীম আসলে হয়তোবা কম ক্ষতি হতো। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা জানান বিষয়টি স্থানীয় ইউপি সদস্য আনারুল ইসলাম আমাকে জানিয়েছেন। ক্ষতিগ্রস্তদের বিষয়ে যা করনীয় তা করা হবে।

গাংনীতে ১১৫ বোতল ফেনসিডিল ও গাঁজাসহ ৫ মাদক ব্যবসায়ী আটক

গাংনী থানা পুলিশের পৃথক চারটি অভিযানে ১১৫ বোতল ভারতীয় ফেনসিডিল, ৪ শ গ্রাম গাঁজাসহ ৫ মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার করমদি গ্রামের ছাদের আলীর ছেলে স্বপন আলি (৩৮), আয়ূব আলীর ছেলে লিটন (৪০), পলাশীপাড়া গ্রামের মৃত সুজা উদ্দিনের ছেলে টোফেন ওরফে খালিদ মাহমুদ

(৩০),আলমডাঙ্গা উপজেলার নগরবোয়ালিয়া গ্রামের নজরুল ইসলামের ছেলে মামুনর রশিদ (৩০), ও গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের আলতাপ হোসেনের ছেলে মো: সজল (২৭)।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতভর আজ শুক্রবার (১৯ এপ্রিল) ভোর পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন স্থানে গাংনী থানা ও ক্যাম্পের পুলিশ পৃথক চারটি অভিযান চালিয়ে তাদের আটক করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম শুক্রবার বেলা ১২ টার সময় নিজ কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এই তথ্য জানান।

তিনি বলেন, করমদি গ্রামের স্বপন আলি ও লিটনকে ১০৫ বোতল ভারতীয় ফেনসিডিলসহ আটক করা হয়েছে। এব্যাপারে মাদকদ্রব্যর নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(১) সারণীর ১৪(গ) ধারায় গাংনী থানায় মামলা রুজ্জু করা হয়েছে, মামলা নং ২৬, পলাশীপাড়া গ্রামের টোফেন ওরফে খালিদ মাহমুদকে ১০ বোতল ফেনসিডিল ও একটি মোটরসাইকেলসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে ধারা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর সারণীর ১৪(খ) ধারায় মামলা নং ২৩, আলমডাঙ্গা উপজেলার নগরবোয়ালিয়া গ্রামের মামুনর রশিদকে ২০০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণীর ১৯(ক), ধারায় দায়ের করা মামলা নং ২৪, গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মো: সজলকে ২০০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(১) এর সারণীর ১৯(ক) ধারায় দায়ের করা মামলা নং ২৪, ১৯/০৪/২৪।

আটককৃতদের আজ শুক্রবার (১৯ এপ্রিল) বেলা ১২ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে বয়স্ক পুনর্বাসন আশ্রয়

কেন্দ্রের শুভ উদ্বোধন

গাংনী থানা রোডে উদ্বোধন করা হলো আশ্রয় নামের বয়স্ক সেবা ও এতিম পুনর্বাসন কেন্দ্র। আজ সোমবার দুপুরে আশ্রয় কেন্দ্রের সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে এবং বিশিষ্ট ইট ভাটা ব্যবসায়ী হাজী এনামুল হকের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন মেহেরপুর ২ (গাংনী) আসনের সংসদ সদস্য এ এস এম নাজমুল হক সাগর।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, পৌরসভার মেয়র আহম্মেদ আলী, সহকারী কমিশনার ভুমি নাদির হোসেন শামীম, গাংনী সরকারী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, থানা অফিসার ইনচার্জ তাজুল ইসলাম, কুষ্টিয়া সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক আখতার হোসেন, গাংনী কেন্দ্রীয় জামে মসজিদের সভাপতি হাজী মহসিন আলী ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাংনী কেন্দ্রীয় জামে মসজিদের সভাপতি হাজী মহসিন আলী, বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মহিবুর রহমান মিন্টু, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আশ্রয় বয়স্ক সেবা ও এতিম পুনর্বাসন কেন্দ্রের প্রতিষ্ঠাতা আজিজুল হক রানু।

অনুষ্ঠানে পবিত্র কুরআন তেলাওয়াত করেন গাংনী মাদ্রাসা মসজিদের পেশ ইমাম মাওলানা খালেদ সাইফুল্লাহ। অনুষ্ঠানের সভাপতি সিরাজুল ইসলাম আশ্রয় গঠনের উদ্দেশ্য ও কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হক সাগর বলেন, প্রবীনরা আমাদের সম্পদ তাদের জন্য যার যার অবস্থান থেকে সহযোগিতা করতে হবে। প্রবীনদের সাথে সবসময় কথা বলা, তাদের পাশে থাকা তাদের জন্য কাজ করার আহবান জানান। তিনি সকলকে এই প্রতিষ্ঠানটিতে টিকে রাখার জন্য সকলের অংশগ্রহণ থাকতে হবে সবাইকে এগিয়ে আসতে হবে। আধুনিক, মানসম্মত ও যুগোপযোগী এবং স্মার্ট সেবা যাতে তারা পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি গাংনীর এই প্রতিষ্ঠানটিকে নিজেদের মনে করে সহযোগিতার আহবান জানান। যাদের পরিবারের প্রবীন ব্যাক্তিরা

অবহেলার স্বীকার হচ্ছেন তাদের পরিবারে কাউন্সিলর করে প্রবীনদের ভাল রাখতে হবে। তিনি আশ্রয় এর সাথে সংশ্লিষ্ট সবাইকে এমন মানবিক ও সমাজ কল্যাণমুলক কাজের জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

গাংনীতে মাই টিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালন

গাংনীতে আলোচনা সভা ও কেক কেটে বেসরকারি টিভি চ্যানেল মাই টিভির ১৫ তম প্রতিবার্ষিকী উৎযাপন করা হয়েছে।

মাই টিভির গাংনী উপজেলা প্রতিনিধি মাসুদ রানার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মাই টিভির গাংনী উপজেলা প্রতিনিধি মাসুদ রানা।

এসময় উপস্থিত ছিলেন, সাংস্কৃতিক কর্মী মজিবুর রহমান, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এমএন পাভেল, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, সাহাজুল ইসলাম সাজু, হারুন অর রশিদ রবি, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, রকিবুল ইসলাম কবি, বদরুদ্দোজা লাল্টু, সাঈদ হোসেন, বিল্লাল হোসেন প্রমুখ। পরে কেক কাটা হয়।

গাংনীর সাহারবাটীতে নানা আয়োজনে বর্ষবরণ উৎসব পালিত

গাংনীর সাহারবাটীতে যথাযোগ্য মর্যাদায় ও আনন্দঘন পরিবেশে বর্ষবরণ উৎসব-১৪৩১ উদযাপিত করা হয়েছে। বর্ষবরণ উৎসব উপলক্ষে বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও লাঠি খেলার আয়োজন করা হয়েছে।

আজ রবিবার (১৪ এপ্রিল) সকালে সাহারবাটী ইউথ ক্লাবের উদ্যোগে ১৪৩১ সন উদযাপন পরিষদ সাহারবাটী এর আয়োজনে সাহারবাটী ইউথ ক্লাব প্রাঙ্গণে এ সকল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভার সভাপতিত্ব করেন সাহারবাটী ইউথ ক্লাবের সভাপতি মোঃ লিয়াকত আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ আসনে সংসদ সদস্য ডা. এ এস এম নাজমুল হক সাগর।

দুই দিনব্যাপী এই অনুষ্ঠানের উদ্ধোধন করেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম।

আলোচক হিসেবে বক্তব্য রাখেন বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রাপ্ত রফিকুল রশিদ ও মেহেরপুর সরকারী কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন।

মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্যানেল চেয়ারম্যান তৌহিদুল মুর্শেদ অতুলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, গাংনী পৌর মেয়র আহম্মদ আলী, গাংনী উপজেলা পরিষদের প্রাক্তন চেয়ারম্যান অ্যাড. এ কে এম শফিকুল আলম, সাহারবাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মশিউর রহমান,কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা, তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ নাজমুল হুদা, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুর রাজ্জাক, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ গোলাম সাকলায়েন, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ওবায়দুর রহমান কমল, জেলা পরিষদের সদস্য

মোঃ মিজানুর রহমান ও গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

এছাড়াও এসময় সম্মানিত অতিথি হিসেবে সাহারবাটী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মোঃ আব্দুল গণি ও সাহারবাটী ইউথ ক্লাবের সাবেক সভাপতি মোঃ আবুল কাশেম, উদযাপন পরিষদের আহ্বায়ক আনারুল ইসলাম ও সদস্য সচিব আব্বাস আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

আলোচনা পরে সেখানে ঐতিহ্যবাহী চিরা,মুরকি, দই খাওয়ার ব্যবস্থা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান ও লাঠি খেলের আয়োজন করা হয়।

এর আগে একটা শোভাযাত্রা বের করা করা।শোভাযাত্রাটি সাহারবাটী ইউথ ক্লাবের সামনে থেকে শুরু করে প্রধান সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। শোভাযাত্রায় বিভিন্ন সামাজিক সংগঠন,শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি পেশার জনগণ অংশ নেন।

গাংনীতে চৈত্র সংক্রান্তীতে আয় বাঙ্গালী, খাই বাঙ্গালী অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে বৃহত্তর কুষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের আয়োজনে চৈত্র সংক্রান্তীতে আয় বাঙ্গালী, খাই বাঙ্গালী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকালে গাংনী ফুলকুড়ি স্কুলে বৃহত্তর কুষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের সভাপতি সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলামের সভাপতিত্বে এবং সাংবাদিক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, ও থানা অফিসার ইনচার্জ (ওসি) তাজুল ইসলাম।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার আব্দুল্লাহ আল মারুফ,উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মহিূুর রহমান মিন্টু, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাংস্কৃতিক কর্মী হামিদুল হক হিল্লোল, জাগো মেহেরপুরের অন্যতম কর্ণধার শোয়েব রহমান, সাবেক কাউন্সিলর ও প্যানেল মেয়র নবীরুদ্দীন, বিশিষ্ট ব্যবসায়ী শহিদুল ইসলাম শাহ, উপজেলা যুব লীগের সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ, সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, সুর্যোদয় পত্রিকার সম্পাদক আবুল কাশেম অনুরাগী, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা, ফুলকুড়ি স্কুলের প্রধান শিক্ষক বদরুদ্দোজা লাল্টু, সাংবাদিক জুলফিকার আলী কানন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আজিজুল ইসলাম রানু, জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসারের বাবা মা ও স্ত্রী উপস্থিত হওয়ার অনুষ্ঠান আরও প্রাণবন্ত হয়।

অনুষ্ঠানে গ্রামীণ বিভিন্ন রকম খাবার বিশেষ করে চিড়া দই, রসগোল্লা সহ বিভিন্ন রকম পিঠা উপস্থিত সবাইকে খাওয়ানো হয়। করোনার পৃর্বে এ অনুষ্ঠানটি চালু ছিল আনখা নামে। করোনা মহামারির কারণে বেশ কয়েক বছর অনুষ্ঠানটি বন্ধ থাকলেও এবার আবার নুতন করে বাংলা বছরের শেষ দিনে চৈত্র সংক্রান্তিতে গাংনীতে আয় বাঙ্গালী, খাই বাঙ্গালি শিরোনামে একটা চমৎকার ও প্রাণবন্ত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণি পেশার মানুষ পরিবারসহ এবং সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করে এমন অনেক শিক্ষার্থী ও ফুলকুড়ির সাবেক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উপস্থিত সবাই এ জাতীয় একটি অনুষ্ঠান করায় অনুষ্ঠানের উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। অনুষ্ঠানে সবাই উপস্থিত হয়ে উচ্ছাস প্রকাশ করেন। বাঙালির হারিয়ে যাওয়া পদ্ম পাতাতে চিড়া সহ সহ বিভিন্ন আয়োজনে সবাই উচ্ছাস প্রকাশ করেন। ভবিষ্যতে এ জাতীয় অনুষ্ঠানে নিয়মিত করার জন্য আহবান জানান অনুষ্ঠান কর্তৃপক্ষ কে।

“আওয়ামীলীগ ১৫ বছরে বিএনপি নেতাকর্মীদের হত্যা, নির্যাতন মিথ্যা মামলা দিয়ে ধ্বংস করতে চেয়েছে”…. সাবেক এমপি আমজাদ

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও মেহেরপুর-২ আসনের সাবেক জাতীয় সংসদ সদস্য আমজাদ হোসেন বলেছেন, আওয়ামীলীগ বিগত ১৫ বছর ক্ষমতায় থেকে বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতা কর্মীদের হত্যা, নির্যাতন মামলা হামলা দিয়ে ধ্বংস করতে চেয়েছিলো। কিন্তু তারা সেটা পারেনি। আওয়ামী লীগ ২১ বছর পর ক্ষমতায় এসে বিরোধীদের দমন পিড়ন চালাচ্ছে। অথচ, বিএনপি প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান ৭১ স্বাধীনতার ঘোষণার মধ্য দিয়ে এদেশে স্বাধীনতা এনে দিয়েছে। সকলকে রাজনীতি করার অধিকার ফিরিয়ে দিয়েছিলো। বিএনপি হত্যার রাজনীতিতে বিশ্বাসী নয়, শান্তিতে বিশ্বাসি।

আজ বিকালে বিএনপির গাংনী উপজেলা কার্যালয়ে অনুষ্ঠিত “বেগম খালেদা জিয়ার সুস্থতা এবং ফ্যাসিবাদ পতন ও ভোটের অধিকার আদায়ের সংগ্রামে কারা নির্যাতিত সহযোদ্ধাদের সম্মানে দোয়া ও ইফতার মাহফিলের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

বাংলাদেশ জাতীয়তাবাদী কৃষকদলের গাংনী উপজেলা শাখা এই অনুষ্ঠানের আয়োজন করে।

মেহেরপুর জেলা কৃষকদলের আহবায়ক মাহাবুব আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় সাবেক এমপি আমজাদ হোসেন আরো বলেন, এই সৈরাচারী ফ্যাসিবাদ সরকারকে ক্ষমতা থেকে সরাতে বিএনপি নেতা কর্মীদের ঐক্যবদ্ধভাবে লড়াই-সংগ্রাম করতে হবে। সকল অন্যায়কে ছুড়ে ফেলে দিয়ে সমাজ ও দেশে ন্যায় প্রতিষ্ঠা করতে হবে।

তিনি বিএনপি নেতাকর্মীদের উদ্দ্যেশে আরো বলেন, বিএনপি করবেন অথচ নৌকায় ভোট দিতে যাবেন, এটা সহ্য করা হবেনা। যারা ভোট দিতে যাবেন তাদের চিহ্নিত করে রাখা হবে।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জাতীয়তাবাদী কৃষকদলের

কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ইঞ্জিনিয়ার মোমিনুর রহমন। তিনি বলেন, বেগম খালেদা জিয়া একজন আপোষহীন নেত্রী। ওয়ান ইলেভেনের সময় খালেদা জিয়াকে বলেছিলেন আপনি যে দেশে যেতে চান যাওয়ার অনুমতি দেওয়া হবে। আপোষহীন নেত্রী বেগম খালেদা জিয়া সেদিন তাদের কথা শুনে যাননি। তিনি বলেছিলেন বাংলাদেশের ৫৬ হাজার বর্গমাইলের বাইরে আমার কোনো ঠিকানা নেই। এই দেশ আমার সব।

তিনি আরো বলেন, আজকে ছাত্রদলের ছেলেদের বিয়ে হচ্ছেনা, যুবদলের ছেলেদের চাকুরী হচ্ছে না। সামাজিক কোনো স্থানে যায়গা নেই। বাংলাদেশের পরিবর্তন অবসমভাবি। অচিরেই বাংলাদেশে রাজনৈতিক পরিবর্তন হবে। তাই সকল পরিবর্তনের আগে দলের ঐক্য গড়তে হবে। ঐক্য ছাড়া কোনো বিজয় আসবেনা।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, কৃষক দলের কেন্দ্রীয় কমিটির সহ-ত্রান ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক মো: আখতারুজ্জামান সজল, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক ফয়েজ আহমেদ, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু প্রমুখ।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য সচিব মিজানুর রহমানের সঞ্চালনায় আনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আবুল কালাম, গাংনী উপজেলা কৃষক দলের সাধারণ সম্পাদক মখলেছুর রহমান মুকুল, যুগ্ম আহবায়ক আব্দুল গাফ্ফার, গাংনী উপজেলা কৃষক দলের যুগ্ম আহবায়ক ইউসুব আলী, গাংনী পৌর কৃষকদলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম প্রমুখ। পরে দোয়া ও মোনাজাত করা হয়।

গাংনীর কাথুলীতে প্রধানমন্ত্রীর ঈদ উপহার ভিজিএফ চাউল বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া ঈদ উপহার ভিজিএফের চাউল বিতরণ করা হয়েছে।

আজ রবিবার সকাল ১১ টার সময় কাথুলী ইউনিয়ন পরিষদের ভিজিএফের চাউল বিতরণ কর্মসূচি ১ম দিনের মত শুরু হয়েছে।

চাউল বিতরণ কর্মসূচি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য ডা নাজমুল হক সাগর এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, ট্যাগ অফিসার হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, কাথুলী ইউনিয়ন পরিষদের সচিব ইফতেখার আহমেদ,সহকারী সচিব আসলাম হোসেনসহ কাথুলী ইউনিয়ন পরিষদের সকল মেম্বার বৃন্দ।

কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান, আজ প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া ঈদ উপহার ভিজি এফের ১০ কেজি করে চাউল বিতরণ কর্যক্রম শুরু করা হয়েছে। এবার ঈদ উপহার কাথুলী ইউনিয়ন পরিষদের ৩৫১৪ জনের মধ্যে বিতরণ করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার জনগনের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করতে উপহার পাঠিয়েছেন ১০ কেজি করে ভিজিএফের চাউল।

এ বিষয়ে মেহেরপুর-২ আসনের সাংসদ সদস্য ডাঃনাজমুল হক সাগর এম পি বলেন, জনগনের সরকার, অসহায় দুস্থ মানুষের আস্থা ও বিশ্বাসের নাম প্রধানমন্ত্রী শেখহাসিনা সরকার।

তিনি বলেন, বর্তমান সরকার জনগনের পাশে থেকে সকল প্রকার উন্নয়ন মানুষের দৌড় গোড়ায় পৌছে দিচ্ছে । ঈদ মানে আনন্দ ঈদ মানে খুশি এই আনন্দ এবং খুশিটুকু আপনাদের সাথে ভাগ করে নিতে আপনাদের জন্য উপহার পাঠিয়েছেন। আপনারা কিভাবে ভালো থাকবেন সেই চিন্তা করেন বর্তমান সরকার প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গাংনীতে অগ্নিসংযোগে

ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে এমপি সাগর

গাংনীর কাথুলী ইউনিয়নে অগ্নিসংযোগে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাড়ালেন এম পি নাজমুল হক সাগর। অগ্নিসংযোগ এর ঘটনার খবর পেয়ে আজ রবিবার বেলা ১২ টার সময় ঘটনা স্থলে ছুটেযান মেহেরপুর- ২ আসনের সংসদ সদস্য ডাঃ এ এস এম নাজমুল হক সাগর।

এসময় কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এবং গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা সহ ওয়ার্ড মেম্বর হুছাইন মাহমুদ ঘটনা স্থলে উপস্থিত ছিলেন। পরে ক্ষতিগ্রস্ত পরিবারকে আর্থিক সহযোগিতা হিসেবে নগদ অর্থ প্রদান করেন এবং কম্বল সহ খাদ্য সামগ্রিক দিয়ে সহযোগিতা করেন। ক্ষতিগ্রস্ত পরিবারকে সমবেদনা জানান বর্তমান এমপি ডাক্তার নাজমুল হক সাগর।

জানাযায় গাংনীর কাথুলী ইউনিয়নের কয়েকটি গ্রামে দফায় দফায় অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে। গতকাল শনিবার সন্ধ্যা ৬ টার সময় কাথুলী ইউনিয়নের খাসমহল গ্রামে মোহাম্মদ ইমরান আলীর বাড়িতে অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে।

এ বিষয়ে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান জানান খাসমহল গ্রামের এমন ঘটনা সত্যিই আমরা মর্মহত। তবে আমি কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে এই পরিবারের পাশে থেকে সর্বচ্চ সহযোগিতা করবো। আজকে মেহেরপুর- ২ আসনের সংসদ সদস্যের নির্দেশনায় নগদ অর্থ সহ খাদ্য সামগ্রী নিয়ে উপস্থিত হয়েছি। আগামী তে উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনা করে সর্বাত্মক সহযোগিতা করার চেষ্টা করবো ইনশাআল্লাহ।

উপজেলা নির্বাহী অফিসার প্রিতম সাহা জানান আজকে আমরা উপজেলা প্রশাসন থেকে কিছু নগদ অর্থ কিছু শোকলা খাবার এবং কম্বল প্রদান করে গেলাম এবং কাছের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও নগদ অর্থ খাবার চাউল কম্বল প্রদান করেছেন পরবর্তীতে আমার কাছে এই ক্ষতিগ্রস্ত পরিবার যদি করে তার পরিপ্রেক্ষিতে আমি উপজেলা প্রশাসন থেকে সর্বোচ্চ সহযোগিতা করব।

ক্ষতিগ্রস্ত ইমরান হোসেন জানান আমরা ইফতার নিয়ে ব্যাস্ত ছিলাম এমন সময় রান্না ঘর থেকে অগ্নি সংযোগের সৃষ্টি হয়ে আমার ঘরে লাগে

তারপর গোয়াল৷ ঘরে লাগে। আমার ঘরে বাড়ি করবো বলে ৪ লক্ষ টাকা রাখাছিল সেটা পুড়ে ছাই হয়ে গেছে,ঘরের জিনিপত্র ধান গম সব কিছু পুড়ে ছাই হয়ে গেছে। আমি আপনাদের কাছে দোয়া চাই আমার আর কিছু করার নেই আমার দিকে একটু খেয়াল রাখবেন। আসন্ন ঈদ যেন এই পরিবারের কাছে এক শোকের ছায়া।

অপরদিকে একই দিনে মাইলমারী গ্রামে মৃত জামিরুলের স্ত্রী ছমিরনের বাড়িতে তামাক ঘরে অগ্নি সংযোগ হয়ে রান্নাঘর সহ প্রতিবেশী আরো তিনটি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে।